

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১০. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সৌন্দর্য প্রসঙ্গে

بَاب فِي حُسْنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ، أَخْبَرَنَا حَمَادُ بْنُ زَيْدٍ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: خَدَمْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا قَالَ لِي: أَفَّ قَطُّ، وَلَا قَالَ لِي لَشَيْءٍ صَنَعْتُهُ: لِمَ صَنَعْتَ كَذَا وَكَذَا أَوْ هَلَّا صَنَعْتَ كَذَا وَكَذَا، وَقَالَ: لَا وَاللَّهِ مَا مَسِسْتُ بِيَدِي دِيبَاجًا، وَلَا حَرِيرًا أَلَيْنَ مِنْ يَدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا وَجَدْتُ رِيحًا قَطُّ أَوْ عَرَفًا كَانَ أَطْيَبَ مِنْ عَرَفٍ أَوْ رِيحِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

إِسْنَادُهُ صَحِيحٌ وَالْحَدِيثُ مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

৬৩. আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খেদমত করেছি, কিন্তু তিনি কখনো আমাকে 'উহ' শব্দটিও বলেননি (অর্থাৎ আমার কোন কাজ বা আচরণের প্রতি বিরক্ত হয়ে 'উহ' শব্দটিও উচ্চারণ করেননি)। আর আমি কোন কিছু করে ফেললে তিনি আমাকে কখনো কোন কাজ করার জন্য বলেননি, "তুমি অমুক অমুক কাজ কেন করলে?" অথবা "তুমি কি অমুক অমুক কাজ করনি?"

তিনি (আনাস) আরও বলেন, আল্লাহর কসম! আমি আমার হাত দিয়ে কখনো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাতের চেয়ে অধিক মোলায়েম কোন রেশমী কাপড় কিংবা রেশম স্পর্শ করিনি। এছাড়াও আমি কখনো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের (শরীরের) সুগন্ধির চেয়ে অধিক উত্তম কোন সুগন্ধি বা ঘ্রাণ পাইনি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। বুখারী ও মুসলিমের হাদীস এটি।

তাখরীজ: সহীহ বুখারী ৩৫৬১ (হাদীসের ২য় অংশ) ; সহীহ মুসলিম ২৩০৯ (হাদীসের ১ম অংশ);

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45828>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন